দৈনিক ইত্তেফাক

তারিখ: 18 JAN 2009
পৃষ্ঠা: ১ কলাম: ২

দায়িত্ব গ্রহণের পর ঢাবির ভিসি

# ডাকসু সচল করতে ছাত্র সংগঠনগুলোর সহযোগিতা চাই

॥ বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥

ঢাকা বিশ্ববিদ্যালয়ের নবনিযুক্ত ভিসি অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক গতকাল শনিবার আনুষ্ঠানিকভাবে দায়িত্বভার গ্রহণ করেছেন। দায়িত্ব বুঝিয়ে দিয়ে দীর্ঘ ৬ বছর ভিসির দায়িত্বে নিয়োজিত অধ্যাপক ড. এস এম এ ফায়েজ বিদায় নিয়েছেন। প্রথম কার্যদিবসে বিশ্ববিদ্যালয়ের শিক্ষক-শিক্ষার্থীদের পক্ষ থেকে নতুন ভিসিকে ফুলেল শুভেচ্ছা জানানো হয়েছে। তিনি বিশ্ববিদ্যালয় সুষ্ঠুভাবে পরিচালনার জন্য সকলের সহযোগিতা কামনা করে বলেছেন, গতানুগতিক ধারার পরিবর্তে এবার সম্পূর্ণ নতুনভাবে বিশ্ববিদ্যালয় পরিচালনা করা হবে। তিনি বলেন, নেতৃত্ব তৈরিতে ডাকসু নির্বাচন প্রয়োজন। এই মিনি পার্লামেন্টটি (১০ম পৃঃ ৬-এর কঃ দ্রঃ)

## ডাকসু সচল করতে

(প্রথম পৃঃ পর)

সচল করতে তিনি ছাত্র সংগঠনগুলোর সহযোগিতা কামনা করেন। পাশাপাশি ডিজিটাল বাংলাদেশ গড়তে বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকে সরকারকে সর্বাত্মক সহযোগিতা করা হবে। এছাড়াও প্রশাসনের প্রত্যেকটি জায়গায় নিয়ম প্রতিষ্ঠায় তিনি বদ্ধপরিকর বলে জানান।

গতকাল সকাল ১০টায় অফিসে আসেন সদ্যবিদায়ী ভিসি অধ্যাপক ড. এস এম এ ফায়েজ। সকাল সাড়ে ১০টায় তিনি আনুষ্ঠানিকভাবে নতুন ভিসি অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিকের কাছে দায়িত্ব বুঝিয়ে দেন। এরপর শুরু হয় নতুন ভিসিকে ফুল দিয়ে শুভেচ্ছা জানানোর পালা। নতুন ভিসি প্রশাসনিক ভবনের সিনেট কক্ষে শুভেচ্ছা গ্রহণ করেন। ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষকদের নীল দল ছাড়াও অভিনন্দন জানান বিশ্ববিদ্যালয় অ্যালামনাই এসোসিয়েশন, বিশ্ববিদ্যালয় সাংবাদিক সমিতি, অফিসার্স এসোসিয়েশন, তৃতীয় শ্রেণী কর্মচারী ইউনিয়ন, চতুর্থ শ্রেণী কর্মচারী সমিতি, বঙ্গবন্ধু পরিষদ, মুক্তিযোদ্ধা পরিষদ, বাংলাদেশ পেশাজীবী লীগ, ফার্মেসী প্রাক্তন ছাত্র সমিতি, বিশ্ববিদ্যালয় ক্লাবসহ বিভিন্ন সংগঠন। নীল দলের আহবায়ক সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক হারুন-অর-রশিদ ও শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক খন্দকার বজলুল হকের নেতৃত্বে শিক্ষকরা ভিসিকে অভিনন্দন জানান। গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. আব্দুস সালামের নেতৃত্বে বিভাগের অধ্যাপক ড. আহাদুজ্জামান মোহাম্মদ আলী, মফিজুর রহমান, রোবায়েত ফেরদৌস, কাবেরী গাইন, সামিয়া রহমান, ড. আবুল মনসুর আহম্মদ, শবনম আযীমসহ বিভাগের শিক্ষার্থীরা নতুন ভিসিকে ফুলেল শুভেচ্ছা জানান। রোকেয়া হল শাখার ছাত্রলীগ সভাপতি নাহরিন খানম ও সাধারণ সম্পাদক সীমা ইসলাম-এর নেতৃত্বে শিক্ষার্থীরা নতুন ভিসিকে ফুল দিয়ে অভিনন্দন জানান। এছাড়া বিভিন্ন হলের শিক্ষার্থীরা অভিনন্দন জানাতে আসেন। দুপুরে নতুন ভিসি অধ্যাপক আ আ ম স আরেফিন সিদ্দিক কেন্দ্রীয় শহীদ মিনার ও ধানমণ্ডিতে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করেন।

এর আগে নতুন ভিসি অধ্যাপক আ আ ম স আরেফিন সিদ্দিক প্রশাসনিক ভবনে ঢাকা বিশ্ববিদ্যালয় সাংবাদিক সমিতির সদস্যদের সঙ্গে মতবিনিময় করেন। এখানে তিনি বলেন, ক্যাম্পাসে ছাত্রদের নিরাপত্তা ও অধিকার নিশ্চিত করাই তার প্রধান দায়িত্ব। তিনি বলেন, বিশ্ববিদ্যালয় কেবল ভালো ছাত্র তৈরির স্থান নয়, পূর্ণাঙ্গ মানুষ তৈরীর প্রশিক্ষণ কেন্দ্র। সৎ, যোগ্য ও আদর্শবান মানুষ তৈরি করতে বিশ্ববিদ্যালয়ের পরিবেশ সুষ্ঠু ও সুন্দর রাখার দায়িত্ব প্রশাসনের। এ দায়িত্ব পালনে সুদূরপ্রসারী পরিকল্পনা গ্রহণ করা হবে।